গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
ভোকেশনাল শাখা
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তারীন ১৬১টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষগণের সাথে অনলাইন জুম সভার কার্য বিবরণী।

সভাপতি: প্রকৌশলী মোঃ রেজাউল হক
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

তারিখ: ০৬/০৪/২০২৬খ্রি.
সময়: সকাল ৯.৩০ ঘটিকা।

অদ্য ০৬/০৪/২০২৬খ্রি. তারিখ রোজ: সোমবার সকাল ৯.৩০ ঘটিকায় ১৬১টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষগণের সাথে অনলাইন জুম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিচালক (ভোকেশনাল) প্রকৌশলী মোঃ রেজাউল হক মহোদয়। সভার শুরুতে সংযুক্ত কর্মকর্তা (মূলত: অধ্যক্ষ) জনাব আফিয়া আকতার সভাপতির অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | আসন্ন এসএসসি (ভোকেশনাল) বোর্ড সমাপনী পরীক্ষা-২০২৬ খ্রি: সংক্রান্ত বিষয়। | ১.১ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ১৬১টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে আসন্ন এসএসসি (ভোকেশনাল) বোর্ড সমাপনী পরীক্ষা-২০২৬ খ্রি. সুষ্ঠ, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রের প্রতিটি কক্ষে বাধ্যতামূলকভাবে সচল সিসি ক্যামেরা স্থাপন করে সিসিটিভি ফুটেজ ধারণ করার বিষয়ে আলোচনা করা হয়। প্রতিষ্ঠানের অচল/নষ্ট ক্যামেরা গুলোকে সচল করা এবং যে সকল প্রতিষ্ঠানে/কক্ষে সিসি ক্যামেরা স্থাপন করা হয়নি সে সকল প্রতিষ্ঠানে/কক্ষে দ্রুত ক্যামেরা স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | ১.১.১ এসএসসি (ভোকেশনাল) বোর্ড সমাপনী পরীক্ষা ২০২৬ সুষ্ঠুভাবে এবং নকল মুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে টেকনিক্যাল স্কুল ও কলেজ এর অধ্যক্ষগণকে নিম্নোক্ত বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br>১. প্রতিটি কক্ষে সিসিটিভি ক্যামেরা স্থাপন এবং পরীক্ষা চলাকালীন রেকর্ড (ফুটেজ) সংরক্ষণ।<br>২. জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় সাধন।<br>৩. কেন্দ্রের আওতাধীন বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের প্রধানদের সাথে মত বিনিময় করে কারিগরি শিক্ষা বোর্ডের নির্দেশনা বাস্তবায়ন।<br>৪. প্রতিষ্ঠানে পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখা ।<br>৫. পরীক্ষা পরিচালনার জন্য অভ্যন্তরীণ কমিটি গঠন সংক্রান্ত বিষয় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৬১টি টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ মহোদয়গণ |
| ২. | প্রতিষ্ঠানে সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত বিষয়। | ২.১ বর্তমান বিশ্বে ব্যাপকভাবে জীবাশ্ম জ্বালানীর সংকট দেখা দিয়েছে। আমাদের প্রতিষ্ঠানগুলোর ছাদসমূহ ব্যবহার করে নবায়ন যোগ্য জ্বালানী উৎপাদন করা সম্ভব। সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে জ্বালানীর নিজস্ব প্রয়োজন মিটানো ও জাতীয় গ্রীডের সাথে বিদ্যুৎ সরবরাহ এবং সোলার প্যানেল স্থাপনের সম্ভাব্যতা বিষয়ে কয়েকজন অধ্যক্ষগনকে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ২.১.১ সোলার প্যানেল স্থাপন বিষয়ে নিম্নলিখিত টিএসসি এর অধ্যক্ষগনকে দায়িত্ব প্রদান করা হয়। দায়িত্ব প্রাপ্ত অধ্যক্ষবৃন্দ:<br>১। জনাব জাহিদুল হক, অধ্যক্ষ, মানিকগঞ্জ টিএসসি।<br>২। জনাব মুহাম্মদ খায়রুল আনাম খান, অধ্যক্ষ, টাঙ্গাইল টিএসসি।<br>৩। জনাব রতন কুমার পন্ডিত, অধ্যক্ষ, নেত্রকোণা টিএসসি।<br>৪। জনাব বিমল কুমার মিশ্র, অধ্যক্ষ, রাউজান টিএসসি।<br>৫। জনাব মো: আজিজুল সিকদার, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সুনামগঞ্জ টিএসসি।<br>৬। জনাব মোহা: সাজেদুল ইসলাম, অধ্যক্ষ, মাগুরা টিএসসি।<br>৭। জনাব মো: হুমায়ুন কবির মুন্সী, অধ্যক্ষ পটুয়াখালী টিএসসি।<br>৮। জনাব শামীম আরা বেগম, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) রাজাপুর টিএসসি।<br>৯। জনাব মো: আব্দুর রহিম, অধ্যক্ষ, চারঘাট টিএসসি।<br>১০। জনাব মোহাম্মদ আমানউল্যাহ আল হাসান, অধ্যক্ষ, নাগেশ্বরী টিএসসি।<br>উপরোক্ত অধ্যক্ষবৃন্দ<br>ক) প্রতিষ্ঠানে সোলার প্যানেল স্থাপন উপযোগী ফ্লোর এরিয়া নির্ধারণ।<br>খ) সোলার প্যানেল স্থাপনের সম্ভাব্য খরচ।<br>গ) উৎপাদিত বিদ্যুতের সম্ভাব্য পরিমাণ<br>ঘ) বর্তমানে মোট বিদ্যুতের চাহিদা সংক্রান্ত বিষয়ে আগামী ১৯/০৪/২০২৬খ্রি. তারিখের মধ্যে রির্পোট প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | বিবিধ | ৩.১ কিছু কিছু প্রতিষ্ঠানের অধ্যক্ষ মহোদয়গণ বলেন শিক্ষক স্বল্পতার কারণে ক্লাস পরিচালনা অসম্ভব হয়ে পড়েছে। সে প্রেক্ষিতে শিক্ষার্থীর অনুপাতে শিক্ষক সমন্বয় করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩.১.১ শিক্ষক স্বল্পতার বিষয়ে প্রতিষ্ঠান থেকে চাহিদার ভিত্তিতে শিক্ষার্থী সংখ্যা বিবেচনায় কারিগরি শিক্ষা অধিদপ্তর শিক্ষক সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (ভোক) ও সহকারী পরিচালক-৫ |

পরিশেষে সভাপতি মহোদয় সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৪/২৬

(প্রকৌশলী মোঃ রেজাউল হক)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৪.২৮৩

তারিখ: ০৬/০৪/২০২৬ খ্রি.

সদয় অবগতির ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। অধ্যক্ষ (সকল)............... সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ,...........
২। সহকারী পরিচালক শাখা- ৫ ও ৬, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, (আইসিটি সেল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। (পত্রটি সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণে জন্য অনুরোধসহ)
৫। সংরক্ষণ নথি।

06/04/2026

(আফিয়া আকতার)
সংযুক্ত কর্মকর্তা (মূলত: অধ্যক্ষ)
ভোকেশনাল শাখা
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।